তারিখ 02 JAN 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

আজকের কাগজ

০৩

# গণশিক্ষা কার্যক্রম চালু করতে ৫০ কোটি টাকার প্রকল্প নেয়া হয়েছে

সারা দেশে অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম (গণশিক্ষা) আবার এ বছর থেকে শুরু করার জন্যে সরকার ৪৯ কোটি ৭৮ লাখ টাকার একটি প্রকল্প হাতে নিয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র গতকাল এ কথা জানিয়েছে। খবর বাসস' র। এই শতাব্দীর শেষ নাগাদ সবার জন্যে শিক্ষার লক্ষ্য অর্জনের জন্যে গতকাল শুরু হওয়া বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচিরই সম্পূরক হবে তিন বছরের এই প্রকল্পটি। শিক্ষা মন্ত্রণালয় সূত্র বলেছে, ১৯৯১-৯২ থেকে ১৯৯৩-৯৪ পর্যন্ত সময়ে অনানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচির জন্যে সরকার পাঁচ কোটি টাকা দিচ্ছে। জাতিসংঘ শিশু তহবিল দিচ্ছে ২৭ কোটি ৯৯ লাখ ১৮ হাজার টাকা, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) দিচ্ছে ৯ কোটি ৭৬ লাখ ৮৩ হাজার টাকা এবং বাকিটা সংগ্রহ করা হবে অন্যান্য দাতা সংস্থা থেকে।

সূত্র বলেছে, অনানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচির লক্ষ্য হচ্ছে বয়স্ক শিক্ষা কর্মসূচিকে জোরদার করা, প্রাক-প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু করা এবং স্কুলত্যাগীদের ফিরিয়ে আনা। বয়স্ক শিক্ষার জন্যে ৬৯টি উপজেলায় এ বছর ২২৪০টি কেন্দ্র স্থাপন করা হবে। এগুলোতে ৮৯ হাজার ৬শ' শিক্ষার্থীর জন্যে ২২৪০ জন শিক্ষক ও ১৪৯ জন পরিদর্শক থাকবেন। পরের বছর এই সংখ্যাগুলো আরো বাড়ানো হবে। এসব ছাড়াও অনানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচিতে অংশগ্রহণকারীরা যাতে তাদের শিক্ষাকে বাঁচিয়ে রাখতে পারে, সে জন্যে সারা জীবন শিক্ষা চালিয়ে যাওয়ার একটি প্রক্রিয়া পরে চালু করা হবে বলে কর্মকর্তারা জানিয়েছেন।